# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১১৯

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো পরকালে কবরের আযাব থেকে বাঁচার জন্য পেশাবের ছিটা থেকে বেঁচে থাকা

## ذِكْرُ الْإِخْبَارِ عَنِ الشَّيْءِ الَّذِي يَجِبُ عَلَى الْمَرْءِ تَوَقِّيهِ حَذَرَ عَذَابِ الْقَبْرِ فِي الْعُقْبَى به

আরবী

3119 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي مَعْشَرٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي عَدِيٍّ عَنْ شُعْبَةَ عَنْ سُلَيْمَانَ عَنْ مُجَاهِدٍ عَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ بِقَبْرَيْنِ فَقَالَ: (إِنَّ هَذَيْنِ يُعَذَّبَانِ فِي غَيْرِ كَبِيرٍ: فِي النَّمِيمَةِ وَالْبَوْلِ ثُمَّ دَعَا بِجَرِيدَةٍ فَكَسَرَهَا فَوَصَلَهَا عَلَيْهِمَا وَقَالَ: (عَسَى أَنْ يُخَفَّفَ عَنْهُمَا مَا لم ييبسا)

الراوي : ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3119 | خلاصة حكم المحدث: صحيح – ((الإرواء)) (178 و 283) , ((صحيح أبي داود)) (15): ق.

قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: سَمِعَ هَذَا الْخَبَرَ مُجَاهِدٌ عَنِ ابْنِ عَبَّاسٍ وَسَمِعَهُ عن طاووس عَنِ ابْنِ عَبَّاسٍ فَالطَّرِيقَانِ جَمِيعًا مَحْفُوظَانِ.

বাংলা

৩১১৯. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার দুটি কবরের পাশ দিয়ে অতিক্রম করেন। তখন তিনি বলেন, “নিশ্চয়ই এদেরকে শাস্তি দেওয়া হচ্ছে। অথচ তাদেরকে বড় (বেঁচে থাকা কঠিন) কোন বিষয়ে শাস্তি দেওয়া হচ্ছে না। তারপর তিনি বলেন, “হ্যাঁ। তাদের একজন চোগলখুরি করতো আর অপরজন পেশাবের ছিটা থেকে বেঁচে থাকতো না।” তারপর তিনি একটি ডাল নেন অতঃপর সেটাকে ভেঙ্গে দুই ভাগ করেন। তারপর দুই কবরে তা গেড়ে দেন। অতঃপর বলেন, “হয়তো আল্লাহ এগুলো না শুকানো পর্যন্ত তাদের শাস্তি লাঘব করে দিবেন।” [1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসটি মুজাহিদ রহিমাহুল্লাহ সরাসরি আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে শ্রবণ করেছেন আবার তাওস রহিমাহুল্লাহর সূত্রে আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু

আনহুমা থেকে শ্রবণ করেছেন। কাজেই হাদীসটির দুটো সানাদই মাহফূয বা সহীহ।”

## ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১৩৭৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৩৭৫; মুসনাদ আহমাদ: ১/২২৫; সহীহ মুসলিম: ২৯২; নাসাঈ: ১/২৮-৩০; আবূ দাঊদ: ২০; ইবনু মাজাহ: ৩৪৭; সুনান বাইহাকী: ২/৪১২; বাগাবী: ১৮৩; দারেমী: ১/১৮৮-১৮৯।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92449

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন